



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০. ৩০১.৯৯.০০১.২৬/ ৩২৬

তারিখ : ২৫.০২/২০২৬

বিজ্ঞপ্তি

পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকের বাংলা ও ইংরেজি ভাষার নতুন পাণ্ডুলিপি আহ্বান

শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ তিন বছর মেয়াদে একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ও ইংরেজি ভাষার বিভিন্ন বিষয়ের ১ম ও ২য় পত্রের পাঠ্যপুস্তকের অনুমোদন গ্রহণের জন্য আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য বাংলা ও ইংরেজি ভাষায় পাণ্ডুলিপি আহ্বান করা হচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে চেয়ারম্যান, এনসিটিবি বরাবর ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর উপর ১৫% হারে পরিশোধিত ভ্যাটের এ চালান শিক্ষা ও সম্পাদনা শাখায় জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। সকল বিষয়ের জন্য পাণ্ডুলিপি জমাদানের সময় মূল্যায়ন ফি ও অনুমোদন সাপেক্ষে অনুমোদন ফি জমা দিতে হবে।

আগ্রহী লেখক/প্রকাশকদের পাণ্ডুলিপি মূল্যায়ন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রতি পত্রের পাঠ্যপুস্তকের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পাণ্ডুলিপি অনুমোদিত হলে অনুমোদন ফি প্রতি পত্র বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/এ চালানের মাধ্যমে চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে। তিন বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেওয়া হবে। অনুমোদনের সময়সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/প্রকাশকগণ পুনঃঅনুমোদন গ্রহণের জন্য ফি-সহ পাণ্ডুলিপি বোর্ডে জমা দিতে পারবেন। তবে পরিমার্জিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়িত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

বিষয়সমূহ :

১।	ট্যুরিজম এন্ড হসপিটালিটি (১ম ও ২য় পত্র)	১৪।	গার্হস্থ্যবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২।	পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৫।	ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র)
৩।	রসায়ন বিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৬।	মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৪।	জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র)	১৭।	ভূগোল (১ম ও ২য় পত্র)
৫।	উচ্চতর গণিত (১ম ও ২য় পত্র)	১৮।	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র)
৬।	পারিসংখ্যান (১ম ও ২য় পত্র)	১৯।	হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৭।	ইতিহাস (১ম ও ২য় পত্র)	২০।	ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (১ম ও ২য় পত্র)
৮।	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম ও ২য় পত্র)	২১।	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১ম ও ২য় পত্র)
৯।	পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র)	২২।	কৃষি শিক্ষা (১ম ও ২য় পত্র)
১০।	অর্থনীতি (১ম ও ২য় পত্র)	২৩।	মুক্তিবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
১১।	যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র)	২৪।	বাংলা ২য় পত্র (শুধুমাত্র বাংলা ভাষায়)
১২।	সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র)	২৫।	ইংরেজি ২য় পত্র (শুধুমাত্র ইংরেজি ভাষায়)
১৩।	সমাজকর্ম (১ম ও ২য় পত্র)		

শর্তসমূহ

- পাণ্ডুলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে। প্রতিটি বিষয়ের ০২ (দুই) কপি করে পাণ্ডুলিপি জমা দিতে হবে।
 - পাণ্ডুলিপি নির্ধারিত সাইজ ১/৮ ডিসি (ডবল ক্রাউন) হবে।
 - কন্টেন্ট এরিয়া ৮.৫" x ৫.৭৫" হবে।
 - ১২ পয়েন্ট (Times New Roman) টাইপ ব্যবহার করতে হবে। সিঙ্গেল লাইন স্পেস দিতে হবে। পৃষ্ঠার একপার্শ্বে ছাপা থাকবে।
 - প্রতি পত্রের ০২ (দুই) কপি পাণ্ডুলিপির ০১ (এক) সেট মার্কিন কাপড়ে সিলগালা অবস্থায় প্যাকেট করে প্যাকেটের উপরে বিষয়ের নাম এবং প্রাপক ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে।
 - প্রতিটি পাঠ্যপুস্তকের ফি-এর উপর ১৫% হারে ভ্যাট এ চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি ব্যাংক ড্রাফটের সাথে জমা দিতে হবে।
 - প্রকাশনা সংস্থার ট্রেড লাইসেন্স, ই-টিআইএন ও ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
 - জমাকৃত পাণ্ডুলিপি ফেরত দেওয়া হবে না।
 - পরিমার্জিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়িত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
 - পুস্তক আকারে পাণ্ডুলিপি জমাদানের শেষ তারিখ ৩১/০৩/২০২৬
- শিক্ষাক্রম ও পাণ্ডুলিপি প্রধান সম্পাদক, এনসিটিবি, ৪র্থ তলা এর নিকট থেকে অফিস চলাকালীন গ্রহণ ও জমা দিতে হবে।

23.02.2026

প্রফেসর মোঃ সাহাভাব উদ্দিন
সচিব
ফোন : ০২-২২৩৩৮৫৬৪৪